



মনিজা রহমান উচ্চবিদ্যালয়ের প্রাক্তন ছাত্রী পুনর্মিলনীতে বক্তব্য রাখছেন সাদেক হোসেন খোকা। মধ্যে উপবিষ্টদের মধ্যে আছেন লতিফুর রহমান ও তাসমিমা হোসেন —প্রথম আলো

মনিজা রহমান উচ্চবিদ্যালয়ের প্রাক্তন ছাত্রীদের পুনর্মিলনী

প্রথম আলো (১৫/০৮/১১) তারিখ: — ৬-৬-০৫/ ২২-৪-১২

নিজস্ব প্রতিবেদক

বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল শুক্রবার পুরান ঢাকার ঐতিহ্যবাহী মনিজা রহমান উচ্চবিদ্যালয়ে প্রাক্তন ছাত্রীদের পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। পুরান ঢাকার গেজারিয়ার এ বিদ্যালয়ের প্রায় ৮০ বছরের মধ্যে এটাই প্রথম পুনর্মিলনী অনুষ্ঠান। তাই দেশ-বিদেশের নানা জায়গা থেকে প্রাক্তন

ছাত্রীরা সমবেত হয়েছিলেন এ অনুষ্ঠানে।

পুনর্মিলনী শুরু হলেও আনুষ্ঠানিক উদ্বোধন সম্পন্ন হয় বিকেলে। উদ্বোধন করেন মনিজা রহমানের দৌহিত্র, ট্রাস্কমের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক লতিফুর রহমান। তিনি ৫ লাখ টাকা আর্থিক সহায়তা দেওয়ার ঘোষণা দেন। তা ছাড়া বিদ্যালয়টির লুপ্ত গৌরব পুনরুদ্ধারে প্রয়োজনীয় আরো ভূমিকা রাখার অঙ্গীকারও করেন।

পুনর্মিলনী অনুষ্ঠানের প্রধান অতিথি ঢাকার মেয়র সাদেক হোসেন খোকাও এককালের ঢাকার অভিজাত এলাকার অভিজাত বালিকা বিদ্যালয়টিকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে যাবতীয় সহযোগিতা করা হবে বলে ঘোষণা দেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিদ্যালয়ের প্রাক্তন ছাত্রী পাক্ষিক অনন্যা সম্পাদক তাসমিমা হোসেন আবেগাক্রান্ত হয়ে পড়েন। তিনি প্রাক্তন ছাত্রীদের উদ্যোগে গঠিত শিক্ষক কল্যাণ তহবিলে ৫০ হাজার টাকা অনুদান দেওয়ার ঘোষণা দেন।

অধ্যাপক খলিলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান শিক্ষয়িত্রী সালেহা খাতুন, প্রাক্তন প্রধান শিক্ষয়িত্রী নাজমা বেগম, প্রাক্তন ছাত্রী ড. নূরুন্নাহার কেয়া, ড. খালেদা বারী প্রমুখ বক্তব্য রাখেন। দিনব্যাপী অনুষ্ঠানের মধ্যে ছিল শোভাযাত্রা, প্রবীণ শিক্ষক ও ছাত্রীদের সম্মাননা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।